
# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

## ২০১৬-২০১৭

শিল্প মন্ত্রণালয়ের অধীন
'শাহজালাল সার কারখানা প্রকল্প' এর ২০১৫-২০১৬ অর্থ বছর সম্পর্কিত



## বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

**(প্রথম খণ্ড)**

দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী
মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

## ২০১৬-২০১৭

শিল্প মন্ত্রণালয়ের অধীন
'শাহজালাল সার কারখানা প্রকল্প' এর ২০১৫-২০১৬ অর্থ বছর সম্পর্কিত

## বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

## (প্রথম খণ্ড)

দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী
মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | মুখবন্ধ | - |
| ২. | Abbreviation | - |
| ৩. | **প্রথম অধ্যায়** | ১-৯ |
| | ভূমিকা | ৩ |
| | অডিট বিষয়ক তথ্য | ৫ |
| | ঝুঁকি বিশ্লেষণ | ৫ |
| | নমুনায়ন | ৫ |
| | নিরীক্ষা পর্যবেক্ষণের সার সংক্ষেপ | ৭ |
| | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৯ |
| | অডিটের সুপারিশ | ৯ |
| ৪. | **দ্বিতীয় অধ্যায়** | ১১-১৯ |
| | বিস্তারিত অডিট অনুচ্ছেদসমূহ | ১৩-১৯ |
| ৫. | অনুচ্ছেদভিত্তিক পরিশিষ্টসমূহ | **দ্বিতীয় খণ্ড** |

# মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক সকল Public Enterprise এর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাবের উপর বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠান এর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে/ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ০৬ টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মূখ্য হিসাবদানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্ত লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক জারিকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫ (১) অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

বঙ্গাব্দ।

তারিখ--------------------------

২৮/০২/২০২১ খ্রিস্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

বাংলাদেশ

## Abbreviation

| | |
|---|---|
| DCA | Development Credit Agreement |
| FDR | Fixed Deposit Receipts |
| LSTK | Lump Sum Turn Key |
| NOA | Notification of Award |
| O&MAS | Operations & Maintenance Assistance Services |
| PSI | Pre-Shipment Inspection |
| RDPP | Revised Development Project Proposal |
| SFCL | Shahjalal Fertilizer Company Limited |


# প্রথম অধ্যায়

(ভূমিকা, অডিট বিষয়ক তথ্য, অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ এবং অডিটের সুপারিশ)

# ভূমিকা

কৃষি প্রধান বাংলাদেশে ইউরিয়া সারের ব্যাপক চাহিদা রয়েছে। বর্তমানে আমাদের দেশে ইউরিয়া সারের চাহিদা প্রায় ৩০ লক্ষ মেট্রিক টন। ইতোপূর্বে স্থাপনকৃত ৬ টি ইউরিয়া সার কারখানার মোট উৎপাদন ক্ষমতা প্রায় ২৩ লক্ষ মেট্রিক টন অর্থাৎ ঘাটতি ৭ লক্ষ মেট্রিক টন ইউরিয়া সার বিদেশ হতে আমদানির কারণে প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় করতে হয়। বৈদেশিক মুদ্রা সাশ্রয় এবং ইউরিয়া উৎপাদনে নিজেদের সক্ষমতা বৃদ্ধির জন্য শাহজালাল ইউরিয়া সার কারখানা প্রকল্পটি ২০১১ সালে গ্রহণ করা হয়। এই কারখানাটির উৎপাদন ক্ষমতা ৫,৮০,০০০ মেট্রিক টন। এটি একটি আধুনিক প্রযুক্তি নির্ভর পরিবেশবান্ধব ইউরিয়া সার কারখানা। শাহজালাল সার কারখানা প্রকল্পের মোট ব্যয় ৫,৪০,৯০০.৪৮ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছিল। পরবর্তীতে ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী ব্যয় ৪,৯৮,৪৯৭.৩৬ লক্ষ টাকায় নির্ধারণ করা হয়। ২০১৫-২০১৬ নিরীক্ষা অর্থ বছরে মোট ব্যয়ের পরিমাণ ৫২,১৪৬.৫৬ লক্ষ টাকা। প্রকল্পটির মেয়াদ জানুয়ারি, ২০১২ হতে ৩০ জুন, ২০১৮ খ্রিঃ পর্যন্ত।

<u>প্রকল্পের মোট ব্যয়ের বিপরীতে নিরীক্ষা বছরে ব্যয়ের লেখচিত্র নিম্নে দেখানো হলো।</u>



# অডিট বিষয়ক তথ্য

**নিরীক্ষা অর্থ বছর ঃ** ২০১৫-২০১৬ খ্রিঃ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠান ঃ** শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন শাহজালাল সার কারখানা প্রকল্প।

**নিরীক্ষার প্রকৃতি ঃ** কমপ্লায়েন্স অডিট।

**নিরীক্ষা কাল ঃ** ০৭-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত।

**নিরীক্ষার উদ্দেশ্য (Audit Purpose) ঃ**
শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্থিক হিসাব সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কিনা অর্থাৎ হিসাবে আয় ও ব্যয় নিয়মানুগভাবে Material Misstatement মুক্ত কিনা এবং হিসাবটি সঠিকভাবে Disclosure করা হয়েছে কিনা তা যাচাই করা।

**নিরীক্ষার আওতা (Audit Scope) ঃ**

- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্থিক হিসাব পর্যালোচনা;
- হিসাব প্রণয়নের সাথে ঐ প্রতিষ্ঠানের নীতিমালা (প্রকল্পের হিসাব সম্পর্কিত নীতিমালা, প্রভিশন নীতিমালা এবং বিনিয়োগ নীতিমালা ইত্যাদি) এবং সরকারি হিসাবের শ্রেণিবিন্যাস (Accounts Classification) ও Project Audit Manual অনুসরণ;
- হিসাব প্রণয়নে True (সঠিক) এবং Fair (নির্ভুল) Disclosure অনুযায়ী হিসাব যাচাই;
- আর্থিক বিবরণীর সাথে অন্যান্য বিবরণীসমূহ (Cash Flow Statement, Bank Statement, Asset Register এবং এ সম্পর্কিত দলিলাদি) পর্যালোচনা ।

**নিরীক্ষা পদ্ধতি (Audit Methodology) ঃ** নিরীক্ষায় Test of Control ও Substantive Test দু'টোই অনুসরণ করা হয়েছে। Test of Control এর মাধ্যমে Risk Based Audit Approach অনুসরণ করা হয়েছে। নিরীক্ষায় মূলত ISSAI 4200 অনুসরণ করা হয়েছে। সেই সাথে ISSAI 1000-2999 এবং Financial ও Compliance Audit Manual অনুসরণ করা হয়েছে।

**ঝুঁকি বিশ্লেষণ (Risk Analysis) ঃ** পরিশিষ্ট সংযুক্তি -১ এ ঝুঁকি বিশ্লেষণের মাধ্যমে প্রকল্পের তহবিল, প্রকল্প বিনিয়োগ, সম্পদ সংগ্রহ এবং প্রভিশনসমূহ উচ্চ ঝুঁকি হিসাবে বিবেচনা করা হয়েছে। এক্ষেত্রে,

- Inherent Riskঃ প্রকল্পটি চলমান এবং প্লান্টটি নতুন বিধায় এর Inherent Risk (IR) উচ্চ হিসেবে বিবেচনা করা হয়েছে;
- Materiality Level ঃ প্রকল্পটির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দুর্বল হওয়ায় Materiality Level ব্যয়ের ১% নির্ধারণ করা হয়েছে।

**নমুনায়ন (Sampling) ঃ**

- Materiality Level এর আলোকে Sample Size নির্ধারণ করা হয়েছে;
- কোন কোন ক্ষেত্রে নির্ধারিত Sample Size এর ১০০% অডিটের আওতায় আনা হয়েছে। আবার কোন কোন ক্ষেত্রে Random Sampling Method অনুসরণ করা হয়েছে।

**অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান ঃ**

- **জনাব খান মোঃ ফেরদাউসুর রহমান,** মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর।

# নিরীক্ষা পর্যবেক্ষণের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকার পরিমাণ |
| --- | --- | --- |
| ০১. | বাজেট বরাদ্দ এবং আরডিপিপিতে অর্থের সংস্থান ছাড়াই অফিস সরঞ্জাম ও আসবাবপত্র বাবদ ব্যয়। | ২,৫১,৬৪,১৫৮.০০ |
| ০২. | ভ্যাট ও আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৩২,৪৭,৭৪,৯৪৩.০০ |
| ০৩. | বিভিন্ন ব্যাংকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক জিওবি তহবিল হতে প্রাপ্ত ৩০.০০ কোটি টাকা বিধিবহির্ভূতভাবে এফডিআর হিসেবে বিনিয়োগ এবং এফডিআর হিসাব থেকে অর্জিত সুদ বাবদ ১২,২৮,০৪,৬৬৯.০০ টাকাসহ সর্বমোট ৪২,২৮,০৪,৬৬৯.০০ (বিয়াল্লিশ কোটি আটাশ লক্ষ চার হাজার ছয় শত উনসত্তর টাকা) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। | ৪২,২৮,০৪,৬৬৯.০০ |
| ০৪. | ঠিকাদারের বিল হতে ১% হারে ডিসকাউন্ট কর্তন করে অনিয়মিতভাবে ওয়েলফেয়ার ফান্ডে স্থানান্তর। | ১৩,৩৫,৯৯২.০০ |
| ০৫. | নির্ধারিত সময়ে পূর্ত কাজ সমাপ্ত না করা সত্ত্বেও ঠিকাদারদের উপর লিকুইডিটি ড্যামেজ (এলডি) আরোপ না করায় অনিয়ম । | ২,০০,০০,৭৬৩.০০ |
| ০৬. | বৈদেশিক ঠিকাদার কমপ্ল্যান্ট (চায়না) কে ভূমি সংস্কার বাবদ চুক্তি মূল্যের অতিরিক্ত পরিশোধ। | ৩০,৪৫,৩৫,৯৬৮.০০ |
| | **সর্বমোটঃ** | **১০৯,৮৬,১৬,৪৯৩.০০** |
| | **সর্বমোট কথায় ঃ একশত নয় কোটি ছিয়াশি লক্ষ ষোল হাজার চারশত তিরানব্বই** টাকা মাত্র। | |

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণঃ

১। নির্ধারিত খাতের বিপরীতে বাজেট বরাদ্দ ছাড়াই অর্থ ব্যয় করা হয়েছে।

২। বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হয়নি ।

৩। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে এবং অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা পরিপালন না করে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন ব্যাংকে জিওবি ফান্ড হতে প্রাপ্ত অর্থ এফডিআর হিসেবে বিনিয়োগ করা হয়েছে এবং এফডিআর এর উপর সুদ হিসেবে আয় সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।

৪। ঠিকাচুক্তির শর্তের বাইরে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক ডিসকাউন্ট হিসেবে ঠিকাদার বিল হতে টাকা কর্তন করার মাধ্যমে ওয়েলফেয়ার ফান্ড তৈরি করা হয়েছে।

৫। পূর্ত কাজ বিলম্বে সম্পাদন করা সত্ত্বেও এলডি আরোপ করা হয়নি।

৬। সরকারি আর্থিক বিধি-বিধান লঙ্ঘন করা হয়েছে।

৭। বৈদেশিক ঠিকাদার কমপ্ল্যান্ট (চায়না) কে ভূমি সংস্কার বাবদ চুক্তিমূল্যের অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়েছে।

## অডিটের সুপারিশ ঃ

১। ঠিকাদারের নিকট হতে আয়কর ও ভ্যাটের অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

২। দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক ঠিকাদারের বিল হতে কর্তনকৃত অর্থ অনতিবিলম্বে সরকারি কোষাগারে জমা প্রদান করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

৩। ঠিকাদারের বিল হতে এলডি কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

৪। পিএসআই এজেন্টের নিকট হতে ভ্যাটের অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

# দ্বিতীয় অধ্যায়

## (অডিট অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ নং-০১

**শিরোনাম ঃ বাজেট বরাদ্দ এবং আরডিপিপিতে অর্থের সংস্থান ছাড়াই অফিস সরঞ্জাম ও আসবাবপত্র বাবদ ব্যয় ২,৫১,৬৪,১৫৮.০০ (দুই কোটি একান্ন লক্ষ চৌষট্টি হাজার এক শত আটান্ন) টাকা ।**

**বিবরণ ঃ**

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ০৭-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

নিরীক্ষাকালে অফিস সরঞ্জাম ও আসবাবপত্র খাতের বিল/ভাউচার, লেজার ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্যাদি পরীক্ষা করে দেখা যায় যে, ২০১৫-১৬ অর্থ বছরে সংশোধিত (২য়) ডিপিপিতে অফিস সরঞ্জাম ও আসবাবপত্র বাবদ অর্থ ব্যয়ের কোন সংস্থান ছিল না। কিন্তু জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ সময়কালীন Transaction Record পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অফিস সরঞ্জাম বাবদ ১,৩৭,৮১,১১৭/- টাকা এবং আসবাবপত্র বাবদ ১,১৩,৮৩,০৪১/- টাকাসহ মোট ২,৫১,৬৪,১৫৮/- টাকা ব্যয় করা হয়েছে। জেনারেল ফিন্যান্সিয়াল রুলস্-৯ অনুযায়ী "নির্দিষ্ট বৎসরের অনুমোদিত মঞ্জুরি এবং উপযোজনে কোন ব্যয় প্রস্তাব অন্তর্ভুক্ত না থাকলে এবং বিশেষ নির্দেশনাবলী দ্বারা ব্যয় মঞ্জুরিকৃত না হলে কোন কর্তৃপক্ষ সরকারি তহবিল হতে ব্যয় সাপেক্ষে কোন দায় গ্রহণ ও ব্যয় নির্বাহ করতে পারবেন না"। অর্থাৎ জিএফআর-৯ অনুসরণ না করার কারণে নির্ধারিত খাতের বিপরীতে বাজেট বরাদ্দ ছাড়াই অর্থ ব্যয় করা হয়েছে।

ফলে বিধিসম্মতভাবে অফিস সরঞ্জাম ও আসবাবপত্র খাতে ২,৫১,৬৪,১৫৮/- টাকা ব্যয় করা হয়নি। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-১[১(ক)] (সংশোধিত ডিপিপি, ক্রমিক- ৮)]

বিধিসম্মতভাবে অফিস সরঞ্জাম ও আসবাবপত্র খাতে ব্যয় করা হয়নি। এতে করে বাজেট বরাদ্দ ব্যতীত খরচ করায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে। ফলে সরকারি বাজেটে চাপ বাড়ে এবং ঘাটতি বাজেট বৃদ্ধি পায়।

**অনিয়মের কারণ ঃ**

জিএফআর-৯ অনুসরণ করা হয়নি।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

খাতওয়ারী বাজেট বিভাজন অনুযায়ী ব্যয় নির্বাহ করা হয়েছে। অতি জরুরি বিবেচনায় এ সকল ব্যয় নির্বাহ করা হয়েছে।

**অডিট মন্তব্য ঃ**

জবাব সন্তোষজনক নয়, কেননা উল্লিখিত ব্যয়ের জন্য কোন বাজেট বরাদ্দ ছিল না। সরকারের আর্থিক অনিয়মের বিষয় উল্লেখ করে ০৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়। জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ১২-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায়নি।

**অডিটের সুপারিশ ঃ**

বিধিসম্মতভাবে ব্যয় না করার কারণে দায় দায়িত্ব নির্ধারণ করা সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক নিরীক্ষাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ-০২

শিরোনাম ঃ ভ্যাট ও আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৩২,৪৭,৭৪,৯৪৩.০০ (বত্রিশ কোটি সাতচল্লিশ লক্ষ চুয়াত্তর হাজার নয় শত তেতাল্লিশ) টাকা।

বিবরণ ঃ

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ০৭-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

নিরীক্ষাকালে ঠিকাদার লেজার, বিল/ভাউচার, দরপত্র দলিলাদি, এল/সি এর তথ্যাদি, ঋণ পরিশোধের কিস্তি, ব্যয় বিবরণী এবং অন্যান্য নথিপত্র যাচাই করা হয়েছে।

ভাউচার ও দরপত্র চুক্তির কাগজপত্র নিরীক্ষালে দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক কারখানা সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজের সহযোগিতার জন্য প্রকল্পের সাধারণ ঠিকাদার M/S COMPLANT, China এর সাথে অনিবাসী ৬০ জন জনবলের বিপরীতে চুক্তি করা হয়। জনবলের বেতন ভাতা প্রদানের জন্য এলসি'র মাধ্যমে Operating & Management সার্ভিসের জন্য M/S COMPLANT, China কে মোট ৪৬,২৩,৭৭,৫২০.০০ টাকা (সমতূল্য ৫৮,৫২,৮৮০ মার্কিন ডলার) পরিশোধ করা হয়। বিল অনুসারে অনিবাসী হিসেবে আয়কর এবং কনসালটেন্সি ফার্ম হিসাবে ভ্যাট বাবদ আদায়যোগ্য অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক হওয়া সত্ত্বেও প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক ভ্যাট বাবদ আদায়যোগ্য (৪৬,২৩,৭৭,৫২০×১৫%) = ৬,৯৩,৫৬,৬২৮.০০ টাকা এবং আয়কর বাবদ আদায়যোগ্য (৪৬,২৩,৭৭,৫২০×৩০%)= ১৩,৮৭,১৩,২৫৬.০০ টাকা, সর্বমোট (৬,৯৩,৫৬,৬২৮.০০ + ১৩,৮৭,১৩,২৫৬.০০) = ২০,৮০,৬৯,৮৮৪.০০ টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি। ফলে ভ্যাট ও আয়কর বাবদ সরকারের ২০,৮০,৬৯,৮৮৪.০০ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে।

অপরদিকে প্রকল্প কর্তৃপক্ষ শাহজালাল সার কারখানা প্রকল্পের ডিজাইন, ক্রয় ও পূর্ত কাজের জন্য (Contract NO: BCIC/Complant/1001) সাধারণ ঠিকাদার (মূল কাজের) M/S COMPLANT, China কে মোট ১১১,১৪,৭৬,৭৪৭.৭৭ টাকা পরিশোধ করে (৩৯ তম হতে ৪৪ তম চলতি বিল)। চুক্তির অনুচ্ছেদ ৩.২৬ মোতাবেক প্রকল্প কর্তৃপক্ষ (Owner) ঠিকাদারকে পরিশোধিত বিল অনুসারে আয়কর বাবদ ৫,৫৫,৭৩,৮৩৭.৩৯ টাকা ও ভ্যাট বাবদ ৬,১১,৩১,২২১.১৪ টাকাসহ মোট আরোপযোগ্য (৫,৫৫,৭৩,৮৩৭.৩৯ + ৬,১১,৩১,২২১.১৪)= ১১,৬৭,০৫,০৫৮.৫৩ টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য। আলোচ্য ক্ষেত্রে উক্ত ১১,৬৭,০৫,০৫৮.৫৩ টাকা সরকারি কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-২ ]

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৬ উপধারা (১) এর আওতায় ঠিকাদার/যোগানদার হিসেবে ৫% হারে উৎসে কর প্রযোজ্য হবে। এছাড়াও জাতীয় রাজস্ব বোর্ডের ০৫/০৬/২০১৪ খ্রিঃ তারিখের ভ্যাট আদেশ নং ০৩/মূসক/২০১৪ মোতাবেক নির্মাণ কাজের জন্য ৫.৫% হারে ভ্যাট প্রযোজ্য এবং ইঞ্জিনিয়ারিং ফার্মের জন্য ১৫% হারে ভ্যাট প্রযোজ্য হবে। আয়কর অধ্যাদেশ এর ধারা ৫৬ এর উপধারা (১) অনুযায়ী কোন অনিবাসীকে অর্থ পরিশোধকালে পরামর্শক সেবা প্রদানের ক্ষেত্রে ৩০% হারে উৎসে কর কর্তন করতে হবে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৪৯ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ অনুযায়ী প্রকল্প কর্তৃপক্ষ উৎসে কর ও ভ্যাট কর্তনের দায়িত্বপ্রাপ্ত।

এক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন না করায় সরকারের সর্বমোট রাজস্ব ক্ষতি ৩২,৪৭,৭৪,৯৪৩.০০ (বত্রিশ কোটি সাতচল্লিশ লক্ষ চুয়াত্তর হাজার নয় শত তেতাল্লিশ) টাকা।

রাজস্ব প্রাপ্তি যথাসময়ে সরকারি কোষাগারে জমা না করায় সরকারকে তারল্য ব্যবস্থাপনা বজায় রাখার জন্য অধিক সুদে ঋণ গ্রহণ করতে হয়। যথাসময়ে ভ্যাট ও আয়কর সরকারি কোষাগারে জমা করা হলে সংযুক্ত তহবিলে (Consolidated Fund) চাপ কম পড়ত এবং সরকারকে কম ঋণ গ্রহণ করতে হতো।

**অনিয়মের কারণ ঃ**

চুক্তি অনুচ্ছেদ-৩.২৬ এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৬ এর উপধারা (১) এবং জাতীয় রাজস্ব বোর্ডের ০৫/০৬/২০১৪ খ্রিঃ তারিখের ভ্যাট আদেশ নং ০৩/মূসক/২০১৪ মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হয়নি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব ঃ**

প্রকল্প কর্তৃপক্ষ লিখিতভাবে জানায় যে, ঠিকাদার M/S COMPLANT, China এর সাথে সম্পাদিত ঠিকাচুক্তি মোতাবেক আয়কর ও ভ্যাটের অর্থ কর্তন নিশ্চিত করে সংশ্লিষ্ট কাগজপত্র প্রমাণক হিসেবে ফাপাডে প্রেরণ করা হবে।

**অডিট মন্তব্য ঃ**

জবাব স্বীকৃতিমূলক। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৬(১) এবং ভ্যাট আদেশ নং ০৩/মূসক/২০১৪ এর আওতায় বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর সরকারি কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। এছাড়াও আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৭ ধারা অনুযায়ী উৎসে কর কর্তন ও জমা প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে মাসিক ২% হারে দণ্ড সুদ আদায় করার নির্দেশনা থাকা সত্ত্বেও এক্ষেত্রে তা পরিপালন করা হয়নি। সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়। জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১২-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। কোন জবাব পাওয়া যায়নি।

**অডিটের সুপারিশ ঃ**

ভ্যাট ও আয়কর বাবদ অর্থ ঠিকাদারের নিকট হতে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে অডিট অফিসকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ-০৩

**শিরোনাম ঃ বিভিন্ন ব্যাংকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক জিওবি তহবিল হতে প্রাপ্ত ৩০.০০ কোটি টাকা বিধিবহির্ভূতভাবে এফডিআর হিসেবে বিনিয়োগ এবং এফডিআর হিসাব থেকে অর্জিত সুদ বাবদ ১২,২৮,০৪,৬৬৯.০০ টাকাসহ সর্বমোট ৪২,২৮,০৪,৬৬৯.০০ (বিয়াল্লিশ কোটি আটাশ লক্ষ চার হাজার ছয় শত উনসত্তর টাকা) সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।**

বিবরণ ঃ

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ০৭-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

নিরীক্ষায় দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ ২০১৫-২০১৬ অর্থ বছরে জিওবি ফান্ড হতে ৯২,০৪,৬১,০০০.০০ টাকা গ্রহণ করে। উপরোক্ত পরিমাণ অর্থের মধ্যে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক বিধিবহির্ভূতভাবে বিভিন্ন ব্যাংকে ২০১৫-২০১৬ অর্থ বছরে (চলতি অর্থ বছরে) ২০ কোটি টাকা এফডিআর হিসেবে বিনিয়োগ করা হয়েছে। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৩ ]

উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের এফডিআর স্টেটমেন্ট পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রারম্ভিক এফডিআর স্থিতি ছিল ২২০ কোটি টাকা এবং চলতি বছরে আরও ২০ কোটি টাকা এফডিআর করা হয় এবং ঐ অর্থ বছরে ২১০ কোটি টাকার এফডিআর নগদায়ন করা হয়। ফলে এফডিআর এর সমাপনী স্থিতি আছে ৩০ কোটি টাকা। উল্লেখ্য যে এফডিআর এর হিসাব হতে সুদ অর্জিত হয়েছে ১২,২৮,০৪,৬৬৮.৮১ টাকা।

ট্রেজারি রুল-৭ মোতাবেক আইন অথবা আইন হিসাবে পরিগণিত কোন বিধি বা আদেশে সুস্পষ্টভাবে অন্যরূপ উল্লিখিত না হলে অর্থ বিভাগের সম্মতি ব্যতিরেকে সরকারের হিসাব হতে অর্থ উত্তোলন করে কোন বিনিয়োগ কিংবা অন্যত্র জমা রাখা যাবে না। শিল্প মন্ত্রণালয়ের ২০১৫-১৬ অর্থ বছরের বরাদ্দ পত্র নং-৩৬.০৮২.০১৪.১৩.৩২.০৫৫.২০১২(অংশ-১)/১৬৫ তারিখঃ ১৬-১১-২০১৫খ্রিঃ এবং বরাদ্দ পত্র নং-৩৫.০৮২.০১৪.১৩. ৩২. ০৫৫.২০১২ (অংশ-১)/৮১, তারিখ: ০৭-০৬-২০১৬ খ্রিঃ এর ৮ ও ৯ নং শর্ত মতে " ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ (যদি থাকে) ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে বিধায় বিনিয়োগের সুযোগ নাই এবং অর্থ মন্ত্রণালয়ের ১৬/৮/২০০৫ খ্রিঃ তারিখের আদেশ নং অম/অবি/উঃবাঃ-১/১/৪/২০০৪/৩৯ মোতাবেক এডিপি'র বরাদ্দকৃত প্রকল্প তহবিলের ব্যাংক জমার উপর অর্জিত সুদ সরকারি হিসাবে জমা প্রদান করতে হবে। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ পরিপালন না করায় উপরিউক্ত ব্যত্যয় সংঘঠিত হয়েছে।

প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক এফডিআর হিসেবে বিনিয়োগকৃত ৩০.০০ কোটি টাকা এবং সুদ হিসেবে অর্জিত ১২,২৮,০৪,৬৬৯.০০ টাকা সহ মোট ৪২,২৮,০৪,৬৬৯.০০ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।

রাজস্ব প্রাপ্তি যথাসময়ে সরকারি কোষাগারে জমা না করায় সরকারকে তারল্য ব্যবস্থাপনা বজায় রাখার জন্য অধিক সুদে ঋণ গ্রহণ করতে হয়। যথাসময়ে অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা করা হলে সংযুক্ত তহবিলে (Consolidated Fund) চাপ কম পড়ত এবং সরকারকে কম ঋণ গ্রহণ করতে হতো।

**অনিয়মের কারণ ঃ**

ট্রেজারি রুল-৭ এবং শিল্প মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের এ সম্পর্কিত নির্দেশনা অনুসরণ করা হয়নি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব ঃ** প্রকল্প কর্তৃপক্ষ কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তীতে জবাব প্রদান করবে বলে অবহিত করেছে।

**অডিট মন্তব্য ঃ**

অব্যয়িত অর্থ জমা না করে বিধিবহির্ভূতভাবে এফডিআর এ বিনিয়োগ করা হয়েছে। সরকারের আর্থিক বিধি লঙ্ঘন এর বিষয় উল্লেখ করে ০৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১২-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায়নি।

**অডিটের সুপারিশ ঃ**

আপত্তিতে বর্ণিত জড়িত অর্থ সরকারি কোষাগারে জমাপূর্বক এবং দায় দায়িত্ব নির্ধারণ করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ-০৪

**শিরোনাম ঃ ঠিকাদারের বিল হতে ১% হারে ডিসকাউন্ট কর্তন করে ১৩,৩৫,৯৯২.০০ (তের লক্ষ পঁয়ত্রিশ হাজার নয় শত বিরানব্বই) টাকা অনিয়মিতভাবে ওয়েলফেয়ার ফান্ডে স্থানান্তর।**

**বিবরণ ঃ**

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ০৭-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

নিরীক্ষাকালে বিল/ভাউচার, লেজার, মেজারমেন্ট বই, ঠিকাদার পরিশোধিত লেজার এবং অন্যান্য দলিলাদি নিরীক্ষা করা হয়েছে।

উপরোক্ত কাগজপত্র ও দলিলাদি হতে দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ ওয়েলফেয়ার ফান্ডের নামে ডিসকাউন্ট রূপে ঠিকাদারের বিল হতে ১% হারে কর্তন করেছে, কিন্তু কর্তৃপক্ষ এর স্বপক্ষে কোন আইনগত বা বৈধ কারণ বা সরকারি আদেশ প্রদর্শন করতে পারেননি। ঠিকাচুক্তিতে ডিসকাউন্ট কর্তনের কোন বিধান/শর্ত ছিল না। উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্থিক বিবরণীতেও এই ফান্ডের হিসাব প্রদর্শন করা হয়নি।

জিএফআর বিধি-৬ অনুযায়ী যদি দাপ্তরিক পদমর্যাদায় কোন সরকারি অফিসার এমন অর্থ প্রাপ্ত হন যা সরকারের পাওনা নয় অথবা সরকারের জিম্মায় রাখা সরকার কর্তৃক অনুমোদিত নয় তাহলে তিনি অবশ্যই উক্ত অর্থ জমা প্রদানের জন্য হিসাব খুলবেন এবং বিধি মোতাবেক ব্যয় ও হিসাব সংরক্ষণপূর্বক যথাযথভাবে নিরীক্ষা হয়েছে কিনা এ সকল বিষয় দেখার জন্য দায়ী থাকবেন। এছাড়াও জিএফআর-১০(৪) অনুযায়ী আর্থিক যথার্থতার মানদন্ড যথাযথভাবে প্রয়োগ না করায় ঠিকাচুক্তিতে এ ধরনের শর্ত না থাকলেও প্রকল্প কর্তৃপক্ষ ডিসকাউন্ট হিসেবে ঠিকাদারের বিল হতে অর্থ কর্তন করার মাধ্যমে অনিয়মিতভাবে ওয়েলফেয়ার ফান্ডে জমা করা হয়েছে।

বিল, পরিমাপ বই বিস্তারিত যাচাইয়ে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক ডিসকাউন্ট হিসেবে ১৩,৩৫,৯৯২/- টাকা কর্তনের হিসাব পাওয়া গিয়েছে, যা অনিয়মিত। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৪(১-২) ]

ওয়েলফেয়ার ফান্ডের নামে কর্তনকৃত অর্থের হিসাব আর্থিক বিবরণীতে দেখানো হয়নি এবং অনিয়মিতভাবে ওয়েলফেয়ার ফান্ডের অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত হয়নি।

**অনিয়মের কারণ ঃ** জিএফআর বিধি ৬ ও ১০(৪) যথাযথভাবে অনুসরণ না করা এবং অনিয়মিতভাবে ঠিকাদারের বিল হতে ডিসকাউন্ট কর্তন করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব ঃ**

প্রকল্প কর্তৃপক্ষ কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তীতে জবাব প্রদান করবে বলে অবহিত করেছে।

**অডিট মন্তব্য ঃ**

চুক্তিতে ডিসকাউন্ট কর্তনের শর্ত না থাকলেও এ ধরনের অনিয়মিত ফান্ড তৈরি করা হয়েছে এবং তা হিসাবভুক্ত করা হয়নি। বিষয়টি উল্লেখ করে ০৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ১২-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র জারি করা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায়নি।

**অডিটের সুপারিশ ঃ**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক কর্তনকৃত অর্থ অনতিবিলম্বে সরকারি কোষাগারে জমা প্রদান করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ-০৫

**শিরোনাম ঃ নির্ধারিত সময়ে পূর্ত কাজ সমাপ্ত না করা সত্ত্বেও ঠিকাদারদের উপর লিকুইডিটি ড্যামেজ (এলডি) বাবদ ২,০২,০০,৭৬৩.০০ (দুই কোটি দুই লক্ষ সাত শত তেষট্টি) টাকা আরোপ করা হয়নি।**

বিবরণ ঃ

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ০৭-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায় যে, কারখানার কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের আবাসন সুবিধার জন্য প্রকল্প কর্তৃপক্ষ বহুতল ভবন নির্মাণের দরপত্র আহ্বান করে এবং ভবন নির্মাণের কার্যসমাপ্তির তারিখ উল্লেখপূর্বক সর্বনিম্ন মূল্যায়িত দরদাতাদের প্রতি নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড (NOA) জারি করে। কিন্তু অধিকাংশ ঠিকাদারই নির্ধারিত সময়ের মধ্যে ভবন নির্মাণে ব্যর্থ হয়।

উল্লেখ্য যে, প্রকল্প কর্তৃপক্ষ কার্যসমাপ্তির সময় ৬০ থেকে ১০০ দিন পর্যন্ত বৃদ্ধি করেছে। কিন্তু সময় বৃদ্ধি করা সত্ত্বেও ঠিকাদারগণ বর্ধিত সময়ের মধ্যে পূর্ত কাজ শেষ করতে পারেনি।

নিরীক্ষাকালে (০৭-০৫-২০১৭ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত) প্রকল্পের সদস্যসহ নিরীক্ষাদল কর্তৃক পূর্ত কাজের বাস্তব পরিদর্শন করে পূর্ত কাজ অসমাপ্ত অবস্থায় পাওয়া গিয়েছে এবং ভবনগুলো অদ্যাবধি প্রকল্প কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়নি।

দরপত্র দলিলের জেনারেল কন্ডিশনস্ অব কন্ট্রাক্ট এর ৭৩.১ মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে কার্য সমাপ্ত করতে না পারার প্রেক্ষিতে প্রতি একদিন বিলম্বের জন্য অসমাপ্ত কাজের মূল্যের ০.১% হারে ঠিকাদারের বিলের ওপর জরিমানা হিসেবে লিকুইডিটি ড্যামেজ (এলডি) আরোপযোগ্য হবে।

কিন্তু প্রকল্প কর্তৃপক্ষ পূর্ত কাজের বিলম্বের জন্য ঠিকাদারদের নিকট হতে লিকুইডিটি ড্যামেজ বাবদ কোন জরিমানা আদায় করেনি। [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৫ (১-২) ]

ঠিকাদারী চুক্তির শর্ত লঙ্ঘন করা হয়েছে। সরকার এলডি বাবদ প্রাপ্ত অর্থ হতে বঞ্চিত হয়েছে। যথাসময়ে এলডি বাবদ প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা করা হলে সংযুক্ত তহবিলে (Consolidated Fund) চাপ কম পড়ত এবং সরকারকে কম ঋণ গ্রহণ করতে হতো।

**অনিয়মের কারণ ঃ**

দরপত্র দলিলের জেনারেল কন্ডিশনস্ অব কন্ট্রাক্ট ৭৩.১ মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে পূর্ত কাজের বিলম্ব সত্ত্বেও এলডি আরোপ করা হয়নি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব ঃ**

প্রকল্প কর্তৃপক্ষ লিখিতভাবে জানায় যে, ঠিকাদারদের অবশিষ্ট বিলসমূহ হতে এলডি কর্তন করা হবে।

**অডিট মন্তব্য ঃ**

জবাব স্বীকৃতিমূলক। জবাবে ঠিকাদারদের অবশিষ্ট বিল হতে এলডি কর্তন করা হবে বলা হলেও এলডি কর্তন করে কোন প্রমাণক প্রেরণ করা হয়নি। সরকারি অর্থের ক্ষতির বিষয় উল্লেখ করে ০৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ১২-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায়নি।

**অডিটের সুপারিশ ঃ**

ঠিকাদারের বিল হতে এলডি কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ-০৬

**শিরোনামঃ বৈদেশিক ঠিকাদার কমপ্ল্যান্ট (চায়না) কে ভূমি সংস্কার বাবদ চুক্তিমূল্যের অতিরিক্ত ৩০,৪৫,৩৫,৯৬৮.০০ (ত্রিশ কোটি পয়তাল্লিশ লক্ষ পয়ত্রিশ হাজার নয় শত আটষট্টি) টাকা পরিশোধ।**

বিবরণ ঃ

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত শাহজালাল সার কারখানা প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরের হিসাব ০৭-০৫-২০১৭ খ্রিঃ হতে ১৭-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

নিরীক্ষাকালে চুক্তিপত্র, কিস্তির বিবরণী, মাসিক পরিশোধ বিবরণী এবং অন্যান্য দলিলাদি পরীক্ষা করা হয়েছে। প্ল্যান্ট সাইট এর ভূমি সংস্কার বাবদ চুক্তি মূল্য ইউএসডি ১৮,০০,০০০.০০ সমতূল্য ১৪,২২,০০,০০০.০০ টাকা হওয়া সত্ত্বেও প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক কমপ্ল্যান্ট (চায়না)-কে ৩৬,৪১,৬০০.০০ মার্কিন ডলার এবং RMB (চায়না) ১,৭৯,২৮,০০০.০০ সমতূল্য ৪৪,৬৭,৩৫,৯৬৮.০০ টাকা (৩৬,৪১,৬০০.০০ × ৭১.১৮ + ১,৭৯,২৮,০০০ × ১০.৪৬) = (২৫,৯২,০৯,০৮৮.০০ + ১৮,৭৫,২৬,৮৮০.০০) পরিশোধ করা হয়েছে। ফলে কমপ্ল্যান্ট (চায়না) কে ৩০,৪৫,৩৫,৯৬৮.০০ (৪৪,৬৭,৩৫,৯৬৮.০০ - ১৪,২২,০০,০০০) টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে।

চুক্তিপত্রের আর্টিকেল ৬.০ LSTK (Lump Sum Turn Key) প্রাইস এবং কমার্শিয়াল এপেন্ডিক্সে নির্ধারিত ইউনিট রেট অনুযায়ী ভূমি সংস্কার বাবদ অর্থ পরিশোধের নির্দেশনা থাকা সত্ত্বেও তা অনুসরণ না করে বৈদেশিক ঠিকাদার কমপ্ল্যান্ট (চায়না)-কে চুক্তিমূল্যের অতিরিক্ত ৩০,৪৫,৩৫,৯৬৮.০০ টাকা পরিশোধ করা হয়েছে।

LSTK চুক্তির লঙ্ঘন এবং অননুমোদিত ব্যয়ের জন্য প্রকল্পের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। চুক্তিমূল্যের অতিরিক্ত পরিশোধের ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে। ফলে সরকারি বাজেটে চাপ বাড়ে এবং ঘাটতি বাজেট বৃদ্ধি পায়।

**অনিয়মের কারণ ঃ**

ভূমি সংস্কার বাবদ চুক্তিপত্রের আর্টিকেল ৬.০ LSTK (Lump Sum Turn Key) প্রাইস এবং কমার্শিয়াল এপেন্ডিক্সে নির্ধারিত ইউনিট রেট এর অতিরিক্ত অর্থ পরিশোধ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব ঃ**

প্রকল্প কর্তৃপক্ষ আপত্তির বিপরীতে জানায় যে, চুক্তি মোতাবেক ভূমি সংস্কারের জন্য তারা সম্পূর্ণ ব্যয়ের ১.২৫% হারে পরিশোধ করেছেন এবং তারা এর প্রমাণক সরবরাহ করবেন।

**অডিট মন্তব্য ঃ**

জবাব যথাযথ নয়। এছাড়া জবাবের সমর্থনে প্রমাণক দেয়া হয়নি। চুক্তিমূল্যের অতিরিক্ত হারে অর্থ পরিশোধ করা হয়েছে। সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৩-০৭-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ১২-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সচিব বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায়নি।

**অডিটের সুপারিশ ঃ**

চুক্তিমূল্যের চেয়ে অতিরিক্ত মূল্য পরিশোধের সাথে সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নির্ধারণ করে অতিরিক্ত পরিশোধিত অর্থ আদায় করে নিরীক্ষাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ: ১৪ই মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী ২০২১ খ্রিষ্টাব্দ ।

(খান মো: ফেরদাউসুর রহমান)
মহাপরিচালক




বাঃসঃমুঃ-২০২০-২১/৪২৭৭কম-এ(৫)—৭০০ বই, ২০২১।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
# কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

## ২০১৬-২০১৭

শিল্প মন্ত্রণালয়ের অধীন

'শাহজালাল সার কারখানা প্রকল্প' এর ২০১৫-২০১৬ অর্থ বছর সম্পর্কিত



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

**(দ্বিতীয় খণ্ড)**

দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

## ২০১৬-২০১৭

শিল্প মন্ত্রণালয়ের অধীন
'শাহজালাল সার কারখানা প্রকল্প' এর ২০১৫-২০১৬ অর্থ বছর সম্পর্কিত

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

## (দ্বিতীয় খণ্ড)

দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | অনুচ্ছেদ/বিবরণ | পরিশিষ্ট নং | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | অনুচ্ছেদ-১ | ১, ১(ক) | ১-২ |
| ২. | অনুচ্ছেদ-২ | ২ | ৩ |
| ৩. | অনুচ্ছেদ-৩ | ৩ | ৪ |
| ৪. | অনুচ্ছেদ-৪ | ৪ (১-২) | ৫-৬ |
| ৫. | অনুচ্ছেদ-৫ | ৫ (১-২) | ৭-৮ |

অনুচ্ছেদ-১
পরিশিষ্ট-১

**Statement Showing The Expenditure for Purchase of Office Equipment & Furniture during 2015-16 in the Shahjalal Fertilizer Project(SFP) of BCIC Under Ministry of Industry.**

| Sl. No. | Particulars | Provision during 2015-15 in RDPP | Expenditure Incurred during 2015-16 (Tk.) | Remarks |
|---|---|---|---|---|
| **1** | **2** | **3** | **4** | **5** |
| 1. | Purchase of Office Equipment | Nil | 1,37,81.117.00 | Beyond RDPP and Budget Provision. RDPP Sl-08, page-61-511. Transaction sheet with Voucher no. enclosed as Evidence. |
| 2. | Purchase of Furniture | Nil | 1,13,83,041.00 | |
| | **Total** | **Nil** | **2,51,64,158.00** | |

# অনুচ্ছেদ-১

## পরিশিষ্ট-১ (ক)

[সংশোধিত ডিপিপি এর পৃষ্ঠা (ক্রমিক নং-০৮)]

| Sl. No. | Budget Head | Econ Code | Code Description | 4th year (2014-15) | | | 5th year (2015-16) | | | 6th year (2016-17) | | | 7th year (2017-18) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | GOB (F.E.) | PA | Total | GOB (F.E.) | PA | Total | GOB (F.E.) | PA | Total | GOB (F.E.) | PA | Total |
| | (a) Revenue Component: | | | | | | | | | | | | | | |
| 1 | Revenue | 4501 | Salaries of officers for Project Personnel | 408.00 | 0.00 | 405.00 | 100.00 | 0.00 | 100.00 | 272.50 | 0.00 | 272.50 | 272.50 | 0.00 | 272.50 |
| 2 | Revenue | 4601 | Salaries of staff for Project Personnel | 56.00 | 0.00 | 56.00 | 30.00 | 0.00 | 30.00 | 15.00 | 0.00 | 15.00 | 15.00 | 0.00 | 15.00 |
| 3 | Revenue | *4700 | Project Allowance (30% of basic pay) for project personnel (Officers & Staff) | 489.00 | 0.00 | 489.00 | 30.00 | 0.00 | 30.00 | 167.50 | 0.00 | 167.50 | 167.50 | 0.00 | 167.50 |
| 4 | Revenue | 4840 | a. Foreign Training | 0.00 | 804.05 | 804.05 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| | | | b. Local Training | 970.00 | 0.00 | 970.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| 5 | Revenue | 4874 | Consultant | 1527.00 (1145.00) | 0.00 | 1527.00 (1145.00) | 120.00 (50.00) | 0.00 | 120.00 (50.00) | 175.00 (0.00) | 0.00 | 175.00 (0.00) | 75.00 (0.00) | 0.00 | 75.00 (0.00) |
| 6 | Revenue | *4800 | Supply & Services | 950.00 | 0.00 | 950.00 | 50.00 | 0.00 | 50.00 | 250.00 | 0.00 | 250.00 | 250.00 | 0.00 | 250.00 |
| | Sub-Total(a) | | | 4400.00 (1145.00) | 804.05 (0.00) | 5204.95 (1145.00) | 330.00 (50.00) | 0.00 (0.00) | 330.00 (50.00) | 880.00 (0.00) | 0.00 (0.00) | 880.00 (0.00) | 780.00 (0.00) | 0.00 (0.00) | 780.00 (0.00) |
| | (b) Capital Component: | | | | | | | | | | | | | | |
| 7 | Capital | 6807 | Transport & Vehicles | 0.00 | 328.38 | 328.38 | 0.00 | 110.00 | 110.00 | 300.00 (200.00) | 0.00 | 300.00 (200.00) | 214.00 (142.00) | 0.00 | 214.00 (142.00) |
| 8 | Capital | 6800 | Office Equipment (Computer, Printer, Scanner, Photocopier, Fax machine, [illegible] printer, Map copier, Refrigerator, A.C etc.) and Office Furniture & Fixture (Table, Chair, File Cabinet, Steel Almirah, Utensil etc.) | 500.00 | 0.00 | 500.00 | 0.00 | 0.00 | 0.00 | 15.00 | 0.00 | 15.00 | 15.00 | 0.00 | 15.00 |
| 9 | Capital | 6813 | Machinery, equipment, spares and materials | 0.00 | 22985.00 | 22985.00 | 0.00 | 220.16 | 220.16 | 658.00 (440.00) | 100.01 | 758.01 (440.00) | 800.00 (532.00) | 0.00 | 800.00 (532.00) |
| 10 | Capital | 6901 | Land acquisition & compensation for plant site | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| 11 | Capital | 7201 | Preparation of land for Plant site | 200.00 | 0.00 | 200.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| 12 | Capital | 7011 | Construction of Housing facilities, medical centre and Mosque | 6110.00 | 0.00 | 6110.00 | 4008.58 | 0.00 | 4008.58 | 3200.00 | 0.00 | 3200.00 | 3651.57 | 0.00 | 3651.57 |
| 13 | Capital | 7016 | a. Site investigation & survey, Land development, civil construction and civil structural works | 0.00 | 2955.38 | 2956.38 | 0.00 | 112.24 | 112.24 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| | | | b. Other Civil Construction Works (Construction of water, Electricity, Office/Pre-fabricated Building and Unloading facilities. Gas line connection & Shifting of [illegible] rehabilitation of existing MGFF siding [illegible] & construction of 0.56 km new siding line for carrying of fertilizer from Shajalal Fertilizer Factory limited. New railway locomotive engine, other civil structure etc.) | 1423.00 (1300.00) | 378.96 | 1801.56 | 4292.01 | 50.00 | 4342.01 | 3650.00 | 0.00 | 3650.00 | 4608.13 (2200.00) | 0.00 | 4608.13 (2200.00) |
| 14 | Capital | 7981 | [illegible], Landing charges, Clearing & forwarding and other charges @1.5% on CIF cost of imported Machinery, equipment & spares [illegible] construction materials cost. | 100.00 (50.00) | 0.00 | 100.00 (50.00) | 0.00 (0.00) | 0.00 | 0.00 | 0.00 (0.00) | 0.00 | 0.00 | 0.00 (0.00) | 0.00 | 0.00 |

MUHAMMAD NUZMUL HOQUE
Assistant Chief
Ministry of Industries

অনুচ্ছেদ-২

পরিশিষ্ট-২

Statement Showing the imposable IT & VAT from Contractors Bill (Complaint) during 2015-16
Office of the Project Director, Shahajalal Fertilizer project, Fenchugonj, Sylhet.

| Runnig Bill Sl No. | Name of the Contractor | Particulars | Amount paid | | | Deductible Amount VAT & IT (Tk. In lakh) | | | Remark |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | USD (Million) | RMB (Million) Y | Equvt.BDT | VAT (TK.) @. 5.5%/ @15% | IT (TK.) @ 5%/ @ 30% | Total (Tk) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6=(5+4) | 7 | 8 | 9(7+8) | 10 |
| 39th 40, 16-08-15 | China National Complete plan Import and Export Corporation Limited (COMPLANT), China. | Design & Engineering Construction Erection Startup work | 1835372.70 | 9035623.80 | 225154453.73 | 12383494.96 | 1,12,57,722.68 | 2,36,41,217.64 | 1USD= TK. 71.18 1 RUBY= Tk. 10.46 |
| 40th 41, 30-08-15 | Do | Do | 2330632.00 | 11473808.00 | 285910417.44 | 15725072.96 | 1,42,95,520.87 | 3,00,20,593.83 | |
| 41th 42, 05-10-15 | Do | Do | 2330632.00 | 11473808.00 | 285910417.44 | 15725072.96 | 1,42,95,520.87 | 3,00,20,593.83 | |
| 42th 43,08-11-15 | Do | Do | 873987.00 | 4302678.00 | 107216406.54 | 5896902.36 | 53,60,820.33 | 1,12,57,722.69 | |
| 43th 44, 06-12-15 | Do | Do | 1165316.00 | 5736904.00 | 142955208.72 | 7862536.48 | 71,47,760.44 | 1,50,10,296.92 | |
| 44th 45, 31-12-15 | Do | Do | 524393.20 | 2581606.80 | 64329843.92 | 3538141.42 | 32,16,492.20 | 67,54,633.62 | |
| | Sub-Total | | | | 111,14,76,747.77 | 6,11,31,221.14 | 5,55,73,837.39 | 11,67,05,058.53 | |
| | M/S COMPLANT, China. | Operating & Management Service | 58,52,880.00 | - | 46,23,77,520.00 (As per LC Equivalent BDT) | 6,93,56,628.00 | 13,87,13,256.00 | 20,80,69,884.00 | |
| | | | | | | | | 32,47,74,942.53 | |

অনুচ্ছেদঃ ৩
পরিশিষ্ট-৩

২০১৫-২০১৬ অর্থবছরে এফডিআর হিসেবে বিভিন্ন ব্যাংকে প্রকল্পের অর্থ বিনিয়োগের বিবরণী

| ভাউচার নং ও তারিখ | রেফারেন্স | চেক নম্বর | ব্যাংকের নাম | এফডিআর-এর পরিমান (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| পিভি- ১৬-৬২৭৪<br>তাং ঃ ২৬-০৬-২০১৬ | ১৬৮৬ | ৩৭২৬২৩৪ | বেসিক ব্যাংক, মিরপুর শাখা, হবিগঞ্জ | ১০,০০,০০,০০০.০০ | |
| পিভি- ১৬-৬২৭৪<br>তাং ঃ ২৬-০৬-২০১৬ | ১৬৮৬ | ৩৭২৬২৩৫ | বেসিক ব্যাংক, চৌমুহনি শাখা, মৌলভিবাজার | ১০,০০,০০,০০০.০০ | |
| | | | মোট = | ২০,০০,০০,০০০.০০ | |

৮

অনুচ্ছেদ-৪

পরিশিষ্ট-৪ (১)

ওয়েলফেয়ার ফান্ডের নামে ঠিকাদারদের বিল হতে ১% হারে ডিসকাউন্ট কর্তনের বিবরণী

| ক্রঃ নঃ | পূর্ত কাজের শিরোনাম | ঠিকাদারের নাম | বিল নম্বর ও তারিখ এবং চেক নম্বর | বিলের পরিমাণ (টাকা) | ডিসকাউন্টের পরিমাণ (টাকা) | ঠিকাদারের লেজারের পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ই-২ টাইপ বিল্ডিংস নির্মাণ | মেসার্স কেই এন্ড কমফোর্ট লিভিংস লিঃ | পিভি-১৬-৫৮১৫,১৮-০৪-২০১৬. ৮৭৭৩২২১ | ৭০২৯৪৮৮/- | ৭০২৯৫/- | |
| ২ | ই-২ টাইপ বিল্ডিংস নির্মাণ | মেসার্স কেই এন্ড কমফোর্ট লিভিংস লিঃ | পিভি-১৬-৫৮১৫,১৮-০৪-২০১৬. ৩৭২৬১৬১ | ৩০৮৭১৪৩/- | ৩০৮৭১/- | |
| ৩ | এফ-১টাইপ বিল্ডিংস নির্মাণ | মেসাস এডভ্যান্স বিজনেস সেন্টার | পিভি-১৬-৫৯৫৯,৫-০৫-২০১৫. ৮৭৭৩২৬০ | ৩৫৭৩৬০৩/- | ৩৫৭৩৬/- | ৫৩ |
| ৪ | এফ-১টাইপ বিল্ডিংস নির্মাণ | মেসাস এডভ্যান্স বিজনেস সেন্টার | পিভি-১৬-৬৩১৮, ২৮-৬-২০১৬. ৩৭২৬২৫৪ | ৬২৩৪১৩৯/- | ৬২৩৪১/- | |
| ৫ | এফ-২টাইপ বিল্ডিংস নির্মাণ | মেসার্স মালিথা- বিটিসি | পিভি-১৬-৫৬১৯,১৪-০৩-২০১৬. ৮৭৭৩১৩৪ | ৪১৯৫৬৮৬/- | ৪১৯৫৭/- | |
| ৬ | এফ-২টাইপ বিল্ডিংস নির্মাণ | মেসার্স মালিথা- বিটিসি | পিভি-১৬-৬২৭৮,২৬-০৬-২০১৬.৩৭২৬২৩৯ | ৫৫২৩৩২৬/- | ৫৫২৩৩/- | |
| ৭ | এম এস পাইপ লাইন নির্মাণ | এম এস ফয়সাল এন্ড কোঃ | পিভি-১৬-৪৮৬৩,২০-০৯-২০১৫. ৮৭৭৩০০৮ | ৩৪৮৬৬০৫/- | ৩৪৮৬৬/- | ৮০ |
| ৮ | পালবাড়ি থেকে এজিএফএফএল রেলগেজ রোড নির্মাণ | এম এস ফয়সাল এন্ড কোঃ | পিভি-১৬-৫১৯৮,২০-১২-২০১৫. ৮৭৭৩০৫২ | ১৪১৮৫০৫৪/- | ১৪১৮৫১/- | |
| ৯ | বিওএইচ বিল্ডিং নির্মাণ কাজ | এম এস ফয়সাল এন্ড কোঃ | পিভি-১৬-৫৪৫৭,০৪-০২-২০১৬. ৮৭৭৩০৯১ | ৪৮৬০২৩১/- | ৪৮৬০২/- | |
| ১০ | বিওএইচ নির্মাণ | মেসার্স মেরিনা কনস্ট্রাকশন | পিভি-১৬-৪৫৪৯,১২-০৭-২০১৫. ৮৭৭২৯৭০ | ৬০৯৪৪৫২/- | ৬০৯৪৫/- | |
| ১১ | বিওএইচ নির্মাণ | মেসার্স মেরিনা কনস্ট্রাকশন | পিভি-১৬-৪৮৬৭,২০-৯-২০১৫. ৮৭৭৩০১২ | ৪৪৮০৩৪৪/- | ৪৪৮০৩/- | |
| ১২ | বিওএইচ নির্মাণ | মেসার্স মেরিনা কনস্ট্রাকশন | পিভি-১৬-৫০৭২,২২-১১-২০১৫. ৮৭৭৩০৩৬ | ৮৪৯৫৯৬৫/- | ৮৪৯৬০/- | ১২০ |
| ১৩ | বিওএইচ নির্মাণ | মেসার্স মেরিনা কনস্ট্রাকশন | পিভি-১৬-৫৫৬৬,০৭-০৩-২০১৬. ৮৭৭৩১১০ | ৯১০৬১০৫/- | ৯১০৬১/- | |
| ১৪ | বিওএইচ নির্মাণ | মেসার্স মেরিনা কনস্ট্রাকশন | পিভি-১৬-৫৯০৬,২৭-০৪-২০১৬.৮৭৭৩২৪২ | ১১৫৪৯৯৯০/- | ১১৫৫০০/- | |
| | | | | ৯১৯০২১৩১/- | ৯১৯০২১/- | ১২৪ |

অনুচ্ছেদঃ ৪

পরিশিষ্ট-৪ (২)

ওয়েলফেয়ার ফান্ডের নামে ঠিকাদারদের বিল হতে ১% হারে ডিসকাউন্ট কর্তনের বিবরণী

| ক্রঃ নঃ | পূর্ত কাজের শিরোনাম | ঠিকাদারের নাম | বিলের পরিমাণ (টাকা) | ডিসকাউন্টের পরিমাণ (টাকা) | ঠিকাদারের লেজারের পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ |
| | | পূর্ব পৃষ্ঠার জের | ৯১৯০২১৩১/- | ৯১৯০২১/= | |
| ১ | ও এমএস র‍্যাক নির্মাণ | মেসার্স রহমান ট্রেডার্স | ৪৮৪৮৫০১ | ৪৮৪৮৫/= | |
| | নির্মাণ, ঢালাই | টেকনিক কনস্ট্রাকশন | ২৫৯২৬৪০ | ২৫,৯২৬/= | |
| ৩ | সিএমএস | টেকনিক কনস্ট্রাকশন | ১০৫৪০৪৩৭ | ১০,৫৪০৪/= | ১২৫ |
| ৪ | নির্মাণ, ঢালাই | টেকনিক কনস্ট্রাকশন | ৪৪৬৫০০০ | ৪৪,৬৫০/= | |
| ৫ | পানি সংরক্ষণ | আপন ট্রেডার্স | ২৯১১৫৪৭ | ২৯,১১৫/= | ১৩৪ |
| ৬ | ১২০ পিস ট্রিপল | ইকবাল ইন্টারপ্রাইজ | ১৯০২০০০ | ১৯,০২০/= | ১৩৫ |
| ৭ | ডরমেটরি মেরামত | ফাতেমা ইন্টারপ্রাইজ | ১৮৬২৮৯৬ | ১৮,৬৩০/= | |
| ৮ | ডরমেটরি মেরামত | ফাতেমা ইন্টারপ্রাইজ | ৮৩২৮৫৫ | ৮,৩২৯/= | ১৩৯ |
| ৯ | বৈদ্যুতিক উপকরণ সরবরাহ | ফাতেমা ইন্টারপ্রাইজ | ১৩২৮৫২০ | ১৩,২৮৫/= | |
| ১০ | ফার্নিচার, পিডি অফিসের | জয় ইন্টারপ্রাইজ | ১৩৫৫৪২৯ | ১৩,৫৫৪/= | |
| ১১ | লোডিং এন্ড আনলোডিং | আরিয়ান ইন্টারপ্রাইজ | ৯২৭৫৫৯ | ৯,২৭৬/= | ১৭৬ |
| ১২ | লোডিং এন্ড আনলোডিং | আরিয়ান ইন্টারপ্রাইজ | ৫২৯৪৭১ | ৫,২৯৫/= | |
| ১৩ | লোডিং এন্ড আনলোডিং | আরিয়ান ইন্টারপ্রাইজ | ৫২৭৬৯০ | ৫,২৭৭/= | |
| ১৪ | ডাম্পিং | আরিয়ান ইন্টারপ্রাইজ | ২৮৩৫৬১৩ | ২৮,৩৫৬/= | |
| ১৫ | ডাম্পিং | আরিয়ান ইন্টারপ্রাইজ | ২৮৪৮২৮ | ২,৮৪৮/= | |
| ১৬ | ডাম্পিং | আরিয়ান ইন্টারপ্রাইজ | ৯৮১৭৯২ | ৯,৮১৮/= | ৩৯ |
| ১৭ | নিউ কলোনি, টয়লেট, নর্দমা | কালাম এন্ড ব্রাদার্স | ১৯৪২৭৪৯ | ১৯,৪২৭/= | |
| ১৮ | নিউ কলোনি, টয়লেট, নর্দমা | কালাম এন্ড ব্রাদার্স | ৭২৯৫৯৪ | ৭,২৯৬/= | |
| ১৯ | ইলেকট্রিক ওয়ার্ক | ক্লাসিক ইন্টারপ্রাইজ | ২৯৭৯৫১ | ২,৯৮০/= | |
| | | মোট= | ১৩,৩৫,৯৯,২০৩/- | ১৩,৩৫,৯৯২/- | |

অনুচ্ছেদঃ ৫

পরিশিষ্ট-৫(১)

নির্ধারিত সময়ে পূর্ত কাজ সম্পন্ন না করা সত্ত্বেও ঠিকাদারের বিল হতে লিকুইডিটি ড্যামেইজ (এলডি) আরোপ না করার বিবরণী

| ক্রঃ নঃ | পূর্ত কাজের শিরোনাম, ঠিকাদারের নাম, কার্যাদেশ নং ও তারিখ এবং চুক্তি মূল্য (টাকা) | কাজ শুরুর তারিখ | কাজ সম্পন্ন করার নির্ধারিত তারিখ | কাজ সম্পন্ন করার প্রকৃত তারিখ | অতিরিক্ত গৃহীত দিনের সংখ্যা | সম্পন্ন কাজের মূল্য ও পরিমাপের তারিখ | অসম্পন্ন কাজের পরিমাণ | এলডি (টাকা) (অসম্পন্নকাজের০.১% (প্রতিদিন বা চুক্তিমূল্যের ১০%, যা কম) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৫-৪) | ৭ | ৮=(২-৭) | ৯ |
| ১ | ৪-তলা বি-২ ভবন নির্মাণ, মেসার্স মল্লিক এন্টারপ্রাইজ, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১.১২৯৪. ২০১৫/৪২৪, তাং ঃ ১৬.০৪.২০১৫ ৩,০৯,৭৪,৬৮৭/- | ১২-১০-২০১৫ | ০৭-১০-২০১৬ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ২১৫ | ২,১৭,৮৫,৭৭২/- (৬ষ্ঠ চলতি বিল পর্যন্ত) ০৫-১০-২০১৬ | ৯১,৮৮,৯১৫/- | ১৯,৭৫,৬১৭/- |
| ২ | ৪-তলা বি-২ ভবন নির্মাণ, মেসার্স এসবি-এসই জেভি, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১.১২৯৫. ২০১৫/৪৪৪, তাং ঃ ১৪.০৫.২০১৫ ৩,১০,৪৭,৭০৯/- | ১২-১০-২০১৫ | ০৭-১০-২০১৬ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ২১৫ | ২,০০,৪৩,৮৩৬/- (৫ম চলতি বিল পর্যন্ত) ০৬-১০-২০১৬ | ১,১০,০৩,৮৭৩/- | ২৩,৬৫,৮৩৩/- |
| ৩ | ৪-তলা সি-১ ভবন নির্মাণ, মেসার্স ইসলাম ব্রাদার্স, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১২৯৯. ২০১৫/৪৭৯, তাং ঃ২২.০৬.২০১৫ ৬,২৬,২১,৭১৫/- | ১৩-১০-২০১৫ | ০৬-১০-২০১৬ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ২১০ | ৪,৭৭,৩৬,৩৭৬/- (৭ম চলতি বিল পর্যন্ত) ০৪-১০-২০১৬ | ১,৪৮,৮৫,৩৩৯/- | ৩১,২৫,৯২১/- |
| ৪ | ৪-তলা সি-২ ভবন নির্মাণ, মেসার্স প্রকৌশল-ও-নির্মাতা লিঃ , ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১৩০. ২০১৫/৪৭৭, তাং ঃ ২২.০৬.২০১৫ ৬,২৯,২২,৪৬০/- | ১৮-০৮-২০১৫ | ১২-০৮-২০১৬ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ২৭০ | ৫,১৬,৬১,৭৯৪/- (৮ম চলতি বিল পর্যন্ত) ১১-০৮-২০১৬ | ১,১২,৬০,৬৯৬/- | ৩০,৪০,৩৮৮/- |
| ৫ | ৪-তলা ডি-১ ভবন নির্মাণ, মেসার্স মেরিনা কন্স. এন্ড আরকে বিল্ডার্স এন্ড ইঞ্জি, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১২৯৬. ২০১৫/৪৪২, তাং ঃ ১৬.০৫.২০১৫ ৪,৬৬,২৫,২২২/- | ০৫-১০-২০১৫ | ২৯-০৯-২০১৬ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ২২৭ | ৩,৬৪,২৫,৩৮৮/- (৮ম চলতি বিল পর্যন্ত) ২৬-০৯-২০১৬ | ১,০১,৯৯,৮৩৪/- | ২৩,১৫,৩৬২/- |

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ

অনুচ্ছেদঃ ৫

পরিশিষ্ট-৫ (২)

নির্ধারিত সময়ে পূর্ত কাজ সম্পন্ন না করা সত্ত্বেও ঠিকাদারের বিল হতে লিকুইডিটি ড্যামেইজ (এলডি) আরোপ না করার বিবরণী

| ক্রঃ নঃ | পূর্ত কাজের শিরোনাম, ঠিকাদারের নাম, কার্যাদেশ নং ও তারিখ এবং চুক্তি মূল্য (টাকা) | কাজ শুরুর তারিখ | কাজ সম্পন্ন করার নির্ধারিত তারিখ | কাজ সম্পন্ন করার প্রকৃত তারিখ | অতিরিক্ত গৃহীত দিনের সংখ্যা | সম্পন্ন কাজের মূল্য ও পরিমাপের তারিখ | অসম্পন্ন কাজের পরিমাণ | এলডি (টাকা) (অসম্পন্নকাজের০.১% (প্রতিদিন বা চুক্তিমূল্যের ১০%, যা কম) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৫-৪) | ৭ | ৮=(২-৭) | ৯ |
| ৬ | ৪-তলা ডি-৩ ভবন নির্মাণ, মেসার্স মিতু ট্রেডার্স, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১২৯৮. ২০১৫/৪৭৬, তাং ঃ ২২.০৫.২০১৫, টাকা ৪,৫৫,৬১,৫৬৯/- | ০৭-১০-২০১৫ | ০২-১০-২০১৬ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ২২০ | ৩৪৪৪৪৩৮৮ (৫ আর/এ বিলের উপর) ০১-১০-২০১৬ | ১১,১১,৭১৮১/= | ২৪,৪৫,৭৮০/= |
| ৭ | ৪-তলা ই-২ ভবন নির্মাণ,মেসার্স কে.ই কমফোর্ট লিভিং লিঃ, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১৩১২. ২০১৫/৪৯৫, তাং ঃ ১০.০৭.২০১৫, টাকা ৪,৪৯,০০,০০০/- | ২২-২-২০১৫ | ১৫-১২-২০১৫ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ১৪৮ | ৩৬১০১৫৮১ (৫ আর/এ বিলের উপর) ১৪-১২-২০১৬ | ৮,৭৯,৮৪১৯/= | ১৩,০২,১৬৬/= |
| ৮ | ৪-তলা ডি-১ ভবন নির্মাণ,মেসার্স মেরিনা কন্স. এন্ড আরকে বিল্ডার্স এন্ড ইঞ্জি, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১২৯৬. ২০১৫/৪৪২, তাং ঃ ১৬.০৫.২০১৫, টাকা ৪,৬৬,২৫,২২২/- | ২৯-০৫-২০১৬ | ১৮-০৩-২০১৭ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ৫৫ | ২৪১৩০৪০১ (৬ আর/এ বিলের উপর) ০৮-০৩-২০১৭ | ২,০৭,৯২,২১৮/= | ১১,৪৩,৫৭২/= |
| ৯ | ৪-তলা ডি-১ ভবন নির্মাণ,মেসার্স মেরিনা কন্স. এন্ড আরকে বিল্ডার্স এন্ড ইঞ্জি, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১২৯৬. ২০১৫/৪৪২, তাং ঃ ১৬.০৫.২০১৫, টাকা ৪,৬৬,২৫,২২২/- | ১৫-০১-২০১৬ | ১০-১১-২০১৬ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ১৮৩ | ৩৭১৬২৯৯৮ (৫ আর/এ বিলের উপর) ২৯-১২-২০১৬ | ৮৪,৫৭,৭৪২/= | ১৫,৪৭,৭৬৭/= |
| ১০ | ৪-তলা ডি-১ ভবন নির্মাণ,মেসার্স মেরিনা কন্স. এন্ড আরকে বিল্ডার্স এন্ড ইঞ্জি, ৩৬.০৯১.০১৪.০৫.২৫-১. ১২৯৬. ২০১৫/৪৪২, তাং ঃ ১৬.০৫.২০১৫, টাকা ৪,৬৬,২৫,২২২/- | ১৫-০১-২০১৬ | ১০-০১-২০১৭ (সময় বৃদ্ধিসহ) | নিরীক্ষাকালীন সময় পর্যন্ত অসমাপ্ত (১২-৫-২০১৭) | ১২০ | ৩৭৮৪৩৪৬৫ (৬আর/এ বিলের উপর) ২৯-১২-২০১৬ | ৭৮,১৯,৬৪৩/= | ৯,৩৮,৩৫৭/= |
| | | | | | | মোট= | ২,০২,০০,৭৬৩/- | |

তারিখ: ১৪ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী ২০২২ খ্রিষ্টাব্দ ।

(খান মো: ফেরদাউসুর রহমান)
মহাপরিচালক



বাঃসঃমুঃ-২০২০-২১/৪২৭৮কম-এ(৫)—৭০০ বই, ২০২১।